



তারিখঃ ০৫/০১/২০২৬ইং

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে, অনুমোদিত সাধারণ মানি চেঞ্জার লাইসেন্সের অধীনে কিছু কিছু মানি এক্সচেঞ্জ প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত নয় এবং বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এবং গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন এ প্রদত্ত নীতিমালা যথাযথ অনুসরণ না করে বাংলাদেশ ব্যাংকের সার্ভারের মাধ্যমে অনলাইন ট্রানজেকশন না করেই ভূয়া এনডোর্সমেন্ট সম্পাদন করছেন, বৈদেশিক মুদ্রা নিবন্ধিত মানি এক্সচেঞ্জ অফিস ব্যতীত অন্যত্র বহন করছেন, এসোসিয়েশনের ওয়েবসাইটে প্রদত্ত দর না মেনে এবং নির্দেশিত আইনানুগ ক্রয়/বিক্রয়ের তোয়াক্কা না করে নির্দিষ্ট সীমা লংঘন করে লেনদেন করছেন। আমাদের এরকম লেনদেন রাষ্ট্রায়ত্ত্ব বিভিন্ন গোয়েন্দা সংস্থার মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের উচ্চতর নির্বাহীবৃন্দের গোচরে এসেছে এবং এরূপক্ষেত্রে অবৈধ লেনদেনের কারণে কোনো রকম কারণ দর্শানো ব্যতিরেকে জড়িত প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের সাধারণ মানি চেঞ্জার লাইসেন্স বাতিল করা হতে পারে। সতর্কতার সাথে নীতিমালা যথাযথ অনুসরণ ও পরিপালন সাপেক্ষে বৈধ লেনদেন সম্পাদনে পরামর্শ মূলক নির্দেশনা প্রদান করা হলো। কোনো রকম অবৈধ লেনদেন মানি চেঞ্জার্স এসোসিয়েশন অব বাংলাদেশ সমর্থন করে না।

Gay.
Creation Day.

(প্রকৌশলী গৌতম দে)

মহাসচিব

মানি চেঞ্জার্স এসোসিয়েশন অব বাংলাদেশ

মোবাইলঃ +৮৮ ০১৮৪১-৯৭৫০৬৬, +৮৮ ০১৩৪৫-০৮৯৭০২

ই-মেইলঃ moneychangers.bd@gmail.com, mmmehgd64@gmail.com

ওয়েবঃ <https://mcabbd.com>